**বিল্ডিং ক্লাইমেট রেজিলিয়েন্ট লাইভলিহুডস ইন ভালনারেবল ল্যান্ডস্কেপস ইন বাংলাদেশ প্রকল্প**
**কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা**
**উপজেলা কৃষি আবহাওয়া পরামর্শ বুলেটিন (০৫ ফেব্রুয়ারী ২০২৬)**

**আবহাওয়া ভিত্তিক কৃষি বিষয়ক বুলেটিন উপজেলা: মানিকছড়ি** **জেলা: খাগড়াছড়ি**
**তারিখ: ০৫-০২-২০২৬** **বুলেটিন নম্বর: ১২০**

**গত ৩ দিনের আবহাওয়ার পরিস্থিতি: ০২.০২.২০২৬ থেকে ০৪.০২.২০২৬ তারিখ পর্যন্ত**

| পুর্বাভাসের সময়কাল | ০২-০২-২০২৬ | ০৩-০২-২০২৬ | ০৪-০২-২০২৬ |
|---|---|---|---|
| বৃষ্টিপাত (মি.মি) | ০ | ০ | ০ |
| সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড) | ২৮ | ২৯ | ২৭ |
| সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড) | ১০ | ১২ | ১২ |
| আপেক্ষিক আর্দ্রতা (শতকরা) | ৫৩ | ৫০ | ৫৬ |
| বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা) | ১৪ | ১৫ | ১৫ |
| বাতাসের দিক | উত্তর - পশ্চিম | উত্তর - পশ্চিম | উত্তর - পশ্চিম |

**বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত আগামী ৪ দিনের আবহাওয়ার পূর্বাভাস: ০৫.০২.২০২৬ থেকে ০৮.০২.২০২৬ তারিখ পর্যন্ত**

| পুর্বাভাসের সময়কাল | ০৫-০২-২০২৬ | ০৬-০২-২০২৬ | ০৭-০২-২০২৬ | ০৮-০২-২০২৬ |
|---|---|---|---|---|
| বৃষ্টিপাত (মি.মি) | ০ | ০ | ০ | ০ |
| সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড) | ২৯ | ২৮ | ২৮ | ২৯ |
| সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড) | ১১ | ১১ | ১১ | ১২ |
| আপেক্ষিক আর্দ্রতা (শতকরা) | ৪৬ | ৪১ | ৪২ | ৪৭ |
| বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা) | ১৬ | ১৬ | ১৬ | ১৭ |
| বাতাসের দিক | উত্তর - পশ্চিম | উত্তর - পশ্চিম | উত্তর - পশ্চিম | উত্তর - পশ্চিম |

**Source: https://usf.bmd.gov.bd/**

**সময়কাল: ০৫ ফেব্রুয়ারী ২০২৬ – ০৮ ফেব্রুয়ারী ২০২৬**

**ফসল ভিত্তিক কৃষি আবহাওয়া বিষয়ক পরামর্শ:**

**কাজু বাদাম:**

- বর্তমানে কোন পরিচর্য্যা করতে হবে না। ফুল আসার জন্য অপেক্ষা করতে হবে এবং কাজু বাদাম গাছ নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে।
- আগাছা পরিষ্কার করে এবং বাগান পরিষ্কার রাখুন।

**আম:**

- আমের মুকুল আসার পূর্বেই প্রয়োজনে একটি স্প্রে করতে হবে। মুকুল আসার আগেই ঘন কুয়ামাচ্ছন্ন আবহাওয়া বিরাজ করলে মুকুল বের হওয়ার ১৫-২০ দিন পূর্বে সাইপারমেথ্রিন গ্রুপের কীটনাশক ০১ মিলি এবং সালফার গঠিত ছত্রাকনাশক ০২ গ্রাম পানিতে মিশিয়ে স্প্রে করুন। এই স্প্রে করলে হপার পোকা এবং সুটি মোল্ড ছত্রাকের আক্রমন কমে।
- আমের মুকুলে ফুল ফোটার পূর্বে গাছে যখন মুকুল ৪-৬ ইঞ্চি হয়, তখন ০১ লিটার পানিতে ইমিডাক্লোপ্রিড গ্রুপের কীটনাশক তরল ০.৫ মিলি এবং ম্যানকোজেব জাতীয় ছত্রাকনাশক ০২ গ্রাম মিশিয়ে সমস্ত গাছ ভিজিয়ে স্প্রে করুন।

  **** সূত্র: কৃষি তথ্য সার্ভিস রাজশাহী**

**সাধারণ সতর্কতা**

- সকালের কুয়াশা ও আর্দ্রতার কারণে রোগের ঝুঁকি বাড়তে পারে, তাই নিয়মিত পর্যবেক্ষণ করুন।
- আবহাওয়া পরিবর্তন অনুযায়ী সেচ ও সার ব্যবস্থাপনা সামঞ্জস্য করুন।
- স্থানীয় কৃষি অফিস থেকে সর্বশেষ আবহাওয়া তথ্য সংগ্রহ করুন।